

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২২৭-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত (Ordinance) বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৫ এবং ৪ অনুসারে যথাক্রমে ঘোষিত এবং প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে উক্ত আইনের ধারা ৮ অনুসারে নিয়োগকৃত অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত উহার ব্যবসায়িক কার্যক্রম হইতে উদ্ধৃত সকল প্রকার আয়ের উপর প্রদেয় আয়কর হইতে ব্যবসায়িক কার্যক্রম শুরু তারিখ হইতে প্রথম ১০ বৎসর ১০০%, ১১তম বৎসর ৭০%, ১২তম বৎসর ৩০% হারে নিম্নরূপ শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তসমূহ

- (১) অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে উক্ত Ordinance এর section 2(20) অনুসারে কোম্পানী হইতে হইবে;
- (২) অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং
- (৩) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যা:—এই প্রজ্ঞাপনে “ব্যবসায়িক কার্যক্রম শুরু” বলিতে অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
সচিব।

মোস্তফা কামাল, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৫৭০৩)

মূল্য ৪ টাকা ৪.০০